গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mofl.gov.bd

নং- ৩৩.০০.০০০০.১০৭.২০.০১১.২৪.২৪০

তারিখ: ২৯ কার্তিক ১৪৩১ / ১৪ নভেম্বর ২০২৪

বিষয়ঃ ১১.১১.২০২৪ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি) এর সভার কার্যবিবরণী প্রেরণ।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব (রুটিন দায়িত্ব) মহোদয়ের সভাপতিত্বে ১১.১১.২০২৪ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি) এর সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে সভার কার্যবিবরণী।

১৪.১১.২০২৪
মোহাম্মদ আহম্মেদ আলী
উপসচিব
ফোন নং-২২৩৩৮১০০৭
E-mail: ds_budget@mofl.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টর)।
২. অতিরিক্ত সচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৩-২৪, কাওরান বাজার, ঢাকা।
৪. যুগ্মসচিব (ব্লু-ইকোনোমি অনুবিভাগ), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (বাজেট-৬ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
৭. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৯. মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনিস্টিটিউট, সাভার, ঢাকা।
১০. উপ-পরিচালক (উপসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ২৩-২৪, কাওরান বাজার, ঢাকা।
১১. অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
১২. উপ-প্রধান, বন, মৎস্য ও প্রাণিজ সম্পদ উইং, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিস্থান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৩. উপ-প্রধান, কৃষি, শিল্প ও শক্তি এবং সমন্বয় উইং, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট (আইসিটি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অফিস কপি।

E:\Minutes (Nikosh)\Forwarding.doc

১১.১১.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব এ.টি.এম মোস্তফা কামাল সচিব (রুটিন দায়িত্ব), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সভার স্থান	:	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১০ ও ৫১২, ভবন নং-৬)
তারিখ	:	১১.১১.২০২৪ খ্রি.
সময়	:	বিকাল ৩:৩০ ঘটিকা
উপস্থিতির তালিকা	:	পরিশিষ্ট-ক

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব (রুটিন দায়িত্ব) ও বাজেট ব্যবস্থাপনা কমিটি(বিএমসি) এর সভাপতি জনাব এ.টি.এম মোস্তফা কামাল-এর সভাপতিত্বে সভা শুরু হয়। সভাপতি উপস্থিত ও অনলাইনে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে ২০২৪-২৫ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন এবং ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/২০২৪ ইং মাসের)-এর বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদন সংক্রান্ত আলোচনা উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বাজেট ও নিরীক্ষা) কে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের অনুরোধ জানান।

০২। অতিরিক্ত সচিব (বাজেট ও নিরীক্ষা) সভাকে অবহিত করেন যে, অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয় হতে গত ১৭/১০/২০২৪ তারিখে জারীকৃত নির্দেশনায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক একটি সুষ্ঠু বাজেট বাস্তবায়ন পরিকল্পনা গ্রহণ ও তা বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন ফরমসহ নীতিমালা ও পদ্ধতি প্রণয়ন করা হয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী অর্থবছরের প্রতি প্রান্তিক/কোয়ার্টার (ত্রৈমাসিক ভিত্তিতে) বাজেট বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন বিএমসি'র অনুমোদনক্রমে অর্থ বিভাগ এ প্রেরণ করতে হবে। উক্ত প্রেক্ষিতে অদ্যকার সভা আহ্বান করা হয়েছে। সভায় ২০২৪-২৫ অর্থবছরের বাজেট বাস্তবায়নে মন্ত্রণালয় ও সংযুক্ত সংস্থাসমূহের পরিকল্পনা প্রণয়ন এবং সে অনুযায়ী ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/২০২৪)-এর বাস্তবায়ন অগ্রগতির পরিবীক্ষণ প্রতিবেদন উপস্থাপন করা হয়। সভায় অবহিত করা হয় যে, মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় রাজস্ব প্রাপ্তি, পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয় এই তিনটি অংশে বাজেট বাস্তবায়ন করা হয়ে থাকে। অতঃপর সভায় পর্যায়ক্রমে তিনটি খাতের লক্ষ্যমাত্রা ও অর্জন পর্যালোচনা করা হয়।

৩.০.রাজস্ব প্রাপ্তিঃ ২০২৪-২৫ অর্থ বছরে মোট রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ১০৫২৩.১৫ টাকা। ১ম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর) এ মন্ত্রণালয়ের সামগ্রিক রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ২৫.২৩কোটি টাকা(২৪%) এর বিপরীতে অর্জন হয়েছে ১৯.৫৮%। অতঃপর সংস্থাভিত্তিক অগ্রগতি পর্যালোচনা করা হয়।

৩.১. সভায় জানানো হয় যে, ২০২৪-২৫ অর্থবছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিবালয় অংশে ১ম প্রান্তিকে ৮.০০ হাজার টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে কোন রাজস্ব আদায় হয় নি। সভাপতি সচিবালয় অংশের রাজস্বের উৎস ও

আদায় না হওয়ার কারণ জানতে চান। অতিরিক্ত সচিব(প্রশাসন) সভাকে জানান যে, তিনটি খাতে রাজস্ব আদায় হয়- পুরাতন আসবাব বিক্রি, সরকারি যানবাহন ব্যবহার ফি ও নিয়োগ পরীক্ষ ফি (থাকলে) । তিনি আরো জানান , পুরাতন আসবাব বিক্রির তালিকা প্রস্তুত করা হয়েছে, বিক্রির প্রক্রিয়া শুরু করা হয়েছে। তবে সরকারি যানবাহন ব্যবহার এর ভাড়া আদায় করা হয় নি। সভাপতি সরকারি যানবাহন ব্যবহারকারী কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে মাসিক ভিত্তিতে ভাড়া আদায়ের নির্দেশনা প্রদান করেন, যাতে প্রতি মাসেই কিছু রাজস্ব আদায় সম্ভব হয়।

৩.২ মৎস্য অধিদপ্তর এর ১ম প্রান্তিকে ২৪% লক্ষ্যমাত্রার বিপরীতে প্রায় ১৩% অর্জন হয়েছে , যা অনেক কম- মর্মে সভাকে অবহিত করা হয় । মহাপরিচালক সভাকে জানান যে, মৎস্য অধিদপ্তরের প্রধান আয়ের উৎস হচ্ছে পোনা উৎপাদন ও রেনু উৎপাদন। উক্ত কার্যক্রম মার্চ-জুন মাসে অনুষ্ঠিত হয় বিধায় আয় কম হয়েছে। অধিদপ্তরের আয় মৌসুমভিত্তিক হওয়ায় ১ম প্রান্তিকে কম রাজস্ব আদায় হয়ে থাকে। এছাড়াও পূর্ববতী বছরের প্রকৃত অর্জনের চেয়ে বেশী লক্ষ্যমাত্রা নির্ধারণ করায় অর্জন কম হয়েছে। সভায় অবহিত করা হয় যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের রাজস্ব আয় ২৫% এর তুলনায় ২২% হয়েছে। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর জানান যে, প্রধান আয় খাত চিড়িয়াখানার প্রবেশের টেন্ডার মূল্য বিগত বছরে বেশি ছিল। চলতি অর্থবছরে পুনঃ পুনঃ দরপত্র আহ্বান করায় আয় কম হয়েছে।

৩.৩ মেরিন ফিশারিজ একাডেমীর আয় ৫.৪৩% লক্ষ্যমাত্রার বিপরীতে ৬.৪৫% অর্জন হয়েছে, যা অস্বাভাবিক। মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের ৩০% লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৫% অগ্রগতি হয়েছে। এক্ষেত্রে লক্ষ্যমাত্রা সঠিকভাবে নির্ধারণ করা হয় নি বলে প্রতীয়মান হয়। প্রতি প্রান্তিকে লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ এর সুযোগ রয়েছে বিধায় সভাপতি মেরিন ফিশারিজ একাডেমীর অধ্যক্ষ এবং মৎস্য ও প্রাণসিম্পদ তথ্য দপ্তরের উপপরিচালককে লক্ষ্যমাত্রা বাস্তবভিত্তিক করার নির্দেশনা প্রদান করেন।

৩.৪ বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন (বিএফডিসি) এর মোট ১০.০০ কোটি টাকা রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রার মধ্যে ১ম প্রান্তিকে আয়ের কোন লক্ষ্যমাত্রা নেই এবং আয় হয় নি, শুধুমাত্র ৩য় প্রান্তিকে লক্ষ্যমাত্রা রয়েছে। এ বিষয়ে চেয়ারম্যান সভাকে জানান যে, কর্পোরেশন নিজস্ব আয়ে পরিচালিত হয় বিধায় রাজস্ব আয় সরকারি কোষাগারে জমা দেয়ার বিষয়টি প্রযোজ্য নয়। তবে লভ্যাংশ হিসেবে ৩য় প্রান্তিকে সরকারকে রাজস্ব প্রদান করা হয়, যা এককালীন । এ কারণে প্রান্তিকভিত্তিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় না।

৩.৫ অর্থ বিভাগের প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে বলেন যে, রাজস্ব আদায়ের হার নির্ধারণে অর্থ বিভাগে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্তের আলোকে এবং NTR-এর সাথে পরামর্শ করে বিগত বছরগুলোর প্রকৃত আয়ের উপর ভিত্তি করে লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। রাজস্ব আয় বৃদ্ধির বিষয়ে সকলকে আন্তরিক হওয়ার অনুরোধ জানানো হয়। মোট লক্ষ্যমাত্রার বিপরীতে ১ম প্রান্তিকে ভাল অর্জন হওয়ায় অর্থ বিভাগের পক্ষ থেকে ধন্যবাদ জানানো হয়।